দৈনিক সংবাদ



তারিখ ... 10 JAN 1988 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৫ ...

## ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আবেদন

১৯৮৭ সালের একেবারে শেষ দিকে এসে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ১৯৮৬ সালের বি,এ (পাস) পরীক্ষার রেজাল্ট বেরিয়েছে। সাধারণভাবে এক বছর সময় নষ্ট হল। অপরদিকে যারা ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮৬ সালে বি,এ (পাস) করেছে তাদের প্রিলিমিনারীতে ভর্তি শুরু হয়েছে এমত অবস্থায় রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে বি,এ পাস করে যারা ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রিলিমিনারীতে এম,এ পড়তে আগ্রহী তাদের ক্ষেত্রে এখন যদি ঢাকা বিশ্ববিদ্যালয় চলতি সেশনে তাদেরকে ভর্তির সুযোগ না দেয় তাহলে এই সমস্ত ছাত্রের এক বছর পিছিয়ে পড়ে ১৯৮৭ সালের ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বি,এ, (পাস) উত্তীর্ণ ছাত্রদের সাথে ভর্তি হতে হবে।

এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে মাষ্টার ডিগ্রীর চূড়ান্ত ভর্তি এখনও সম্পন্ন হয়নি। কিংবা কোন কোন ক্ষেত্রে ভর্তি সম্পন্ন হলেও ক্লাস শুরু হয়নি। তাই ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট আবেদন— তারা যেন রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে যারা ১৯৮৬ বি,এ (পাস) পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদেরকে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮৬ সালে বি,এ (পাস) পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রদের সাথে একত্রে প্রিলিমিনারীতে ভর্তি সুযোগ দেন।

প্রণব কুমার সাহা, সাকুলার সড়ক, মধ্যপাড়া, ডাক+জেলা— গাইবান্ধা।